জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

০৬-০৬-২০২৪ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের বিশেষ সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ।

আলোচ্যসূচি নং-১৪

"ডিনস্ এ্যাওয়ার্ড (Dean's Award) সংক্রান্ত নীতিমালা (সংশোধিত) ২০২৪", "ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড (Dean's Marit Award) সংক্রান্ত নীতিমালা ২০২৪" এবং "ইনিস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড (Institute Marit Award) সংক্রান্ত নীতিমালা ২০২৪" অনুমোদনের বিষয় বিবেচনা ।

সিদ্ধান্ত ঃ

"ডিনস্ এ্যাওয়ার্ড (Dean's Award) সংক্রান্ত নীতিমালা (সংশোধিত) ২০২৪", "ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড (Dean's Marit Award) সংক্রান্ত নীতিমালা ২০২৪" এবং "ইনিস্টিটিউট মেরিট অ্যাওয়ার্ড (Institute Marit Award) সংক্রান্ত নীতিমালা ২০২৪" সংশোধনীসহ অনুমোদন করা হলো (পরিশিষ্ট-৯)।

স্বাঃ/-রেজিস্ট্রার, জাবি।

স্মারক সংখ্যা ঃ জাবি/রেজিঃ/কা.শা./৮(৩) তারিখ ঃ ২৩-০৬-২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ-

১। রেজিস্ট্রার, জাবি, সাভার, ঢাকা।
২। ডেপুটি রেজিস্ট্রার (সাধারণ প্রশাসন)/(শিক্ষা), রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।

২৩/৬/২০২৪
(মো. জাহাঙ্গীর সিকদার)
ডেপুটি রেজিস্ট্রার (কাউন্সিল)

# ডিনস্ এ্যাওয়ার্ড (Dean's Award) সংক্রান্ত নীতিমালা (সংশোধিত) ২০২৪
## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের উচ্চশিক্ষা ও জ্ঞানার্জনে অধিকতর মনোযোগী ও অনুপ্রাণিত করার লক্ষ্যে ডিনস্ এ্যাওয়ার্ড প্রবর্তন করা হয়েছে।

১. ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য অনুষদসমূহ :

(ক) কলা ও মানবিকী অনুষদ
(খ) গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ
(গ) সমাজবিজ্ঞান অনুষদ
(ঘ) জীববিজ্ঞান অনুষদ
(ঙ) বিজনেস স্টাডিজ অনুষদ
(চ) আইন অনুষদ

২. ক. ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য কলা ও মানবিকী অনুষদের বিভাগসমূহ:

(i) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
(ii) ইংরেজি বিভাগ
(iii) ইতিহাস বিভাগ
(iv) দর্শন বিভাগ
(v) নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ
(vi) প্রত্নতত্ত্ব বিভাগ
(vii) বাংলা বিভাগ
(viii) জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ
(ix) চারুকলা বিভাগ

২. খ. ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের বিভাগসমূহ:

(i) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
(ii) গণিত বিভাগ
(iii) পদার্থবিজ্ঞান বিভাগ
(iv) পরিবেশ বিজ্ঞান বিভাগ
(v) পরিসংখ্যান বিভাগ
(vi) ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ
(vii) রসায়ন বিভাগ

২. গ. ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য সমাজবিজ্ঞান অনুষদের বিভাগসমূহ :

(i) অর্থনীতি বিভাগ
(ii) নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ
(iii) নৃবিজ্ঞান বিভাগ
(iv) ভূগোল ও পরিবেশ বিভাগ
(v) সরকার ও রাজনীতি বিভাগ
(vi) লোক-প্রশাসন বিভাগ

২. ঘ. ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য জীববিজ্ঞান অনুষদের বিভাগসমূহ :

(i) উদ্ভিদবিজ্ঞান বিভাগ
(ii) প্রাণিবিদ্যা বিভাগ
(iii) ফার্মেসী বিভাগ
(iv) প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ
(v) মাইক্রোবায়োলজি বিভাগ
(vi) বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ
(vii) পাবলিক হেল্‌থ এন্ড ইনফরমেটিক্স বিভাগ

২. ঙ. ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য বিজনেস স্টাডিজ অনুষদের বিভাগসমূহ :

(i) ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ
(ii) মার্কেটিং বিভাগ
(iii) একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ
(iv) ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ

২. চ. ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য আইন অনুষদের বিভাগ :

(i) আইন ও বিচার বিভাগ

৩. ক) **ডিনস্ এ্যাওয়ার্ড এর সংখ্যা :** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভূক্ত প্রতিটি অনুষদ থেকে একজন শিক্ষার্থী অর্থাৎ ছয়টি অনুষদ থেকে মোট ০৬ (ছয়) জন শিক্ষার্থীকে ডিনস্ এ্যাওয়ার্ড প্রদান করা হবে।
খ) উল্লেখ্য যে, ভবিষ্যতে নতুন সৃজিত অনুষদ ও বিভাগের ক্ষেত্রেও ডিনস্ এ্যাওয়ার্ড এর নীতিমালা প্রযোজ্য হবে।

৪. ক) **ডিনস্ এ্যাওয়ার্ড :** স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফলাফলের ভিত্তিতে ডিনস্ এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

খ) সংশ্লিষ্ট অনুষদের সকল বিভাগের শিক্ষার্থীদের মধ্যে প্রাপ্ত সর্বোচ্চ CGPA-এর ভিত্তিতে এ্যাওয়ার্ড প্রদান করা হবে। তবে একাধিক শিক্ষার্থীর CGPA সমান হলে সেক্ষেত্রে প্রাপ্ত নম্বরের সর্বোচ্চ শতকরা হারের শিক্ষার্থীকে সংশ্লিষ্ট অনুষদের ডিনস্ এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

গ) কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান) পরীক্ষার কোন পর্বে 'F' Grade/taken retakes/taken improvement/taken readmission ব্যতিত ন্যূনতম CGPA ৩.৭৫ অর্জন করলে ডিনস্ এ্যাওয়ার্ড এর জন্য যোগ্য বিবেচিত হবে।

৫. ক) **ডিনস্ এ্যাওয়ার্ড কমিটি ও যাচাই-বাছাই কমিটি :** সংশ্লিষ্ট অনুষদের ডিন এবং বিভাগীয় সভাপতিদের নিয়ে ডিনস্ এ্যাওয়ার্ড কমিটি গঠিত হবে। সংশ্লিষ্ট অনুষদের ডিন যাচাই-বাছাই কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন; বিভাগীয় সভাপতিগণ কমিটির সদস্য থাকবেন।

৬. ক) ডিনস্ কমিটির সভাপতি, সকল ডিনদের সমন্বয়ে পদক প্রদান অনুষ্ঠান আয়োজন করবেন।
খ) ডিনস্ এ্যাওয়ার্ড হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত ডিজাইনের ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে। এ্যাওয়ার্ডের জন্য নির্বাচিত শিক্ষার্থীরা একজন আমন্ত্রিত শিক্ষাবিদ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নিকট থেকে আনুষ্ঠানিকভাবে ক্রেস্ট এবং সার্টিফিকেট গ্রহণ করবেন। উক্ত এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে নির্বাচিত শিক্ষার্থীরা তাঁদের পিতা-মাতাকে সঙ্গে আনতে পারবেন।

৭. ডিনস্ এ্যাওয়ার্ড এর নীতিমালা, ডিনস্ কমিটির সভার মাধ্যমে সংশোধন, পরিবর্তন ও সংযোজন করা যাবে।

অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক
ডিন
কলা ও মানবিকী অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অধ্যাপক নীলাঞ্জন কুমার সাহা
ডিন
বিজনেস স্টাডিজ অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

তাপস কুমার দাস
ডিন (ভারপ্রাপ্ত)
আইন অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড (Dean's Merit Award) সংক্রান্ত নীতিমালা ২০২৪
## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের উচ্চশিক্ষা ও জ্ঞানার্জনে অধিকতর মনোযোগী ও অনুপ্রানিত করার লক্ষ্যে ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড প্রবর্তন করা হয়েছে।

১. ক) **ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড ঃ** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগের ০১ (এক) জন শিক্ষার্থীকে ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

খ) উল্লেখ্য যে, ভবিষ্যতে নতুন সৃজিত বিভাগের ক্ষেত্রেও ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড এর নীতিমালা প্রযোজ্য হবে।

২. ক) স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফলাফলের ভিত্তিতে ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড প্রদান করা হবে। প্রত্যেক বিভাগ ও ইনস্টিটিউট-এর সর্বোচ্চ CGPA-এর ভিত্তিতে এ্যাওয়ার্ড প্রদান করা হবে। তবে, একাধিক শিক্ষার্থীর CGPA সমান হলে সেক্ষেত্রে প্রাপ্ত নম্বরের সর্বোচ্চ শতকরা হারের শিক্ষার্থীকে এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

খ) কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান) পরীক্ষার কোন পর্বে 'F' Grade/taken retakes/taken improvement/taken readmission ব্যতিত ন্যূনতম CGPA ৩.৬০ অর্জন করলে ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড এর জন্য যোগ্য বিবেচিত হবে।

৩. ক) **ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড কমিটি ও যাচাই-বাছাই কমিটি ঃ** সংশ্লিষ্ট অনুষদের ডিন, বিভাগীয় সভাপতিগণকে নিয়ে ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড কমিটি গঠিত হবে। সংশ্লিষ্ট অনুষদের ডিন যাচাই-বাছাই কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন; বিভাগীয় সভাপতিগণ কমিটির সদস্য থাকবেন।

৪. ক) ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত ডিজাইনের ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে। এ্যাওয়ার্ডের জন্য নির্বাচিত শিক্ষার্থীরা একজন আমন্ত্রিত শিক্ষাবিদ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নিকট থেকে আনুষ্ঠানিকভাবে ক্রেস্ট এবং সার্টিফিকেট গ্রহণ করবেন। উক্ত এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে নির্বাচিত শিক্ষার্থীরা তাঁদের পিতা-মাতাকে সঙ্গে আনতে পারবেন।

খ) ডিনস্ কমিটির সভাপতি, সকল ডিনদের সমন্বয়ে পদক প্রদান অনুষ্ঠান আয়োজন করবেন।

৫. ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড এর নীতিমালা, ডিনস্ কমিটির সভার মাধ্যমে সংশোধন, পরিবর্তন ও সংযোজন করা যাবে।

৬. ডিনস্ মেরিট এ্যাওয়ার্ড সংক্রান্ত যেকোন বিষয়ে ডিনস্ কমিটির গৃহিত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক
ডিন
কলা ও মানবিকী অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অধ্যাপক নীলাঞ্জন কুমার সাহা
ডিন
বিজনেস স্টাডিজ অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

তাপস কুমার দাস
ডিন (ভারপ্রাপ্ত)
আইন অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

## ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড (Institute Merit Award) সংক্রান্ত নীতিমালা ২০২৪
## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের উচ্চশিক্ষা ও জ্ঞানার্জনে অধিকতর মনোযোগী ও অনুপ্রানিত করার লক্ষ্যে ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড প্রবর্তন করা হয়েছে।

১. ক) **ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড ঃ** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ইনস্টিটিউটের ০১ (এক) জন শিক্ষার্থীকে ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

খ) উল্লেখ্য যে, ভবিষ্যতে নতুন সৃজিত ইনস্টিটিউটের ক্ষেত্রেও ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড এর নীতিমালা প্রযোজ্য হবে।

২. ক) স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফলাফলের ভিত্তিতে ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড প্রদান করা হবে। প্রত্যেক ইনস্টিটিউটের সর্বোচ্চ CGPA-এর ভিত্তিতে এ্যাওয়ার্ড প্রদান করা হবে। তবে, একাধিক শিক্ষার্থীর CGPA সমান হলে সেক্ষেত্রে প্রাপ্ত নম্বরের সর্বোচ্চ শতকরা হারের ভিত্তিতে শিক্ষার্থীকে এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

খ) কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান) পরীক্ষার কোন পর্বে ‘F’ Grade/taken retakes/taken improvement/taken readmission ব্যতিত ন্যূনতম CGPA ৩.৬০ অর্জন করলে ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড এর জন্য যোগ্য বিবেচিত হবে।

৩. ক) **ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড কমিটি ও যাচাই-বাছাই কমিটি ঃ** ডিনস্ কমিটির সভাপতি, ইনস্টিটিউটের পরিচালকগণকে নিয়ে ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড কমিটি গঠিত হবে। ডিনস্ কমিটির সভাপতি যাচাই-বাছাই কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন; ইনস্টিটিউটের পরিচালকগণ কমিটির সদস্য থাকবেন।

৪. ক) ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত ডিজাইনের ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে। এ্যাওয়ার্ডের জন্য নির্বাচিত শিক্ষার্থীরা একজন আমন্ত্রিত শিক্ষাবিদ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নিকট থেকে আনুষ্ঠানিকভাবে ক্রেস্ট এবং সার্টিফিকেট গ্রহণ করবেন। উক্ত এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে নির্বাচিত শিক্ষার্থীরা তাঁদের পিতা-মাতাকে সঙ্গে আনতে পারবেন।

খ) ডিনস্ কমিটির সভাপতি, সকল ডিন এবং ইনস্টিটিউটের পরিচালকগণের সমন্বয়ে পদক প্রদান অনুষ্ঠান আয়োজন করবেন।

৫. ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড এর নীতিমালা, ডিনস্ কমিটির সভার মাধ্যমে সংশোধন, পরিবর্তন ও সংযোজন করা যাবে।

৬. ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড সংক্রান্ত যেকোন বিষয়ে ইনস্টিটিউট মেরিট এ্যাওয়ার্ড কমিটির গৃহিত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

| | | |
|---|---|---|
| অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক<br>ডিন<br>কলা ও মানবিকী অনুষদ<br>জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | অধ্যাপক নীলাঞ্জন কুমার সাহা<br>ডিন<br>বিজনেস স্টাডিজ অনুষদ<br>জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | তাপস কুমার দাস<br>ডিন (ভারপ্রাপ্ত)<br>আইন অনুষদ<br>জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |